

## উদাহরণ (Example)

©©Deepak Sarkar, Written on May 4, 2000, Redwood Shores, California

তুমি অধম বলিয়া আমি উত্তম না হইব কেন?

বল বন্ধু বল বল।

তাই তোমার দেখাদেখি -

সিগারেট খেয়ে তার ধোঁয়া কারো গায় ছুরবো না।

নন্শ্েমাকিং সাইনে সিগারেট আমি ধরাব না।

রাস্তায় থুতু ফেলবো না।

পানের পিকে দেয়াল কোনা ভরব না।

তাই তোমার দেখাদেখি -

সিনেমার লাইনে ব্ল্যাকে টিকিট কাটবো না।

ট্রেনের লাইনে আমি ঘুষ দিয়ে সামনে যাব না।

পাড়ার মোড়েতে বসে মাঝরাতে আড়া দেবো না।

শহর-গ্রাম জঞ্জালে ভরব না।

তাই তোমার দেখাদেখি -

ইট্-বালি রেখে আমি ফুটপাৎ আট্কে দেবো না।

কালো ধোঁয়া বেরোনো গাড়ী আমি বার করব না।

গনপরীক্ষার দিন মাইক্ আমি জোরে বাজাব না।

সকলের ক্ষতি করে নিজের ভালো চাইব না।

## উদাহরণ (Example)

©©Deepak Sarkar, Written on May 4, 2000, Redwood Shores, California

তাই তোমার দেখাদেখি -

পয়সা নেই বলে রোগি আমি ফিরিয়ে দেবো না।

মোটা টাকা নিয়ে (আমি) দৌষীকে খালাস্ করব না।

মন্ডী হয়েও শুধু নিজের ভাগ্য ফেরাব না।

যোগ্য নয় তবুও নিজের লোক্ দিয়ে -

অফিস্-কাচারি ভরব না।

তাই তোমার দেখাদেখি -

স্কুলে কম পড়িয়ে কোচিং-এ ভীড় বারাবো না।

বেশি মুনাফার লোভে ভ্যাজালে বাজার ভরব না।

পুলিশ্ হয়েও তবু ঘুষ্ খেয়ে আইন ভাঙবো না।

বিনা প্রয়োজনে ডাঙার বেশে সার্জারি আমি করব না।